মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ মহিলা বিষয়ক অধিদপ্তরের	১	১	০	০	১	১১	• +৪০%	১	• +১৬২.২৫ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০১ (এক)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

গ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা এবং সুপারিশের আলোকে ব্যবস্থা করতে হবে;
৩.৩ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৫ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ	নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন শীর্ষক **সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১. প্রকল্পের নাম : নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন।

২. প্রকল্পের ধরণ : বিনিয়োগ

৩. অর্থায়নের উৎস : জিওবি

৪.১ **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৪.২ **বাস্তবায়নকারী সংস্থা** : মহিলা বিষয়ক অধিদপ্তর

৫. ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (পিসিআর অনুসারে) : (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৮৬৪.৫৯	৮৬৪.৫৯	-	জুলাই ২০১২ থেকে জুন ২০১৭	০১-০৭-২০১২	১৪০২.৮৩ লক্ষ টাকা বা ১৬২.২৫%	২ বছর বা ৪০%
সংশোধিত (১ম)	১২০৬.৬৭	১২০৬.৬৭	-	জুলাই ২০১২ থেকে জুন ২০১৭	২১-৬-২০১৫		
সংশোধিত (২য়)	২২৬৭.৪২	২২৬৭.৪২	-	জুলাই ২০১২ থেকে জুন ২০১৯	২৪-০৭-২০১৭		
আন্ত:খাত সমন্বয় (ব্যয় বৃদ্ধি ব্যতিত)	২২৬৭.৪২	২২৬৭.৪২	-	জুলাই ২০১২ থেকে জুন ২০১৯	২৬-০৬-২০১৯		
প্রকৃত ব্যয়	২১০৮.১৮	২১০৮.১৮	-	জুলাই ২০১২ থেকে জুন ২০১৯	-		

খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১৪০২.৮৩ লক্ষ টাকা (১৬২.২৫%)।

গ) **মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার:** ২ বছর (৪০%)।

৬. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর অনুসারে) : (লক্ষ টাকায়)

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আর্থিক)	প্রকৃত ব্যয়	আর্থিক (%)
1.	Pay of Officer	৬.০০	-	-
2.	Pay of Establishment	৬০.০০	৩১.৭৪	৬৬.২৩%
3.	Allowances	৪০.০০	১৫.৬৩	৩৯.০৭%
4.	Municipality Tax	৮.০০	৭.৯৮	৯৯.৭৫%
5.	Land Tax	০.১০	০.০৪	৪০.০০%
6.	Postage	০.৯০	০.৯০	১০০%
7.	Telephone bills with connection	১.৯২	১.০১	৫২.৬০%
8.	Water bills & other cost	০.৮৬	০.৮৬	১০০%
9.	Electric bills/Equipments	১৮.০০	১৮.০০	১০০%

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আর্থিক)	প্রকৃত ব্যয়	আর্থিক (%)
10.	Gas/Fuel for cocking	৩.৫০	৩.৫০	১০০%
11.	Printing & Binding	৭.০০	৭.০০	১০০%
12.	Stationeries	১৯.১২	১৯.১২	১০০%
13.	Books & Magazine/News paper etc	৫.০০	৪.৫০	৯০%
14.	Advertisements & Publicity	১৯.০০	১৮.৭২	৯৮.৫৩%
15.	Game/Accessories	৯.৩০	৯.৩০	১০০%
16.	Training Cost	২৮৭.৫০	২৮৭.০৭	৯৯.৮৫%
17.	Entertainment	৪.০০	৪.০০	১০০%
18.	Prize	৪.৭৫	৪.৭৫	১০০%
19.	Service benefit	৮.৫০	৮.৫০	১০০%
20.	Irregular labour cost	৮০.০০	৮০.০০	১০০%
21.	Raw materials cost	৩৫.০০	৩৫.০০	১০০%
22.	Medical Cost	৬.৬০	৬.৬০	১০০%
23.	Bed-Beding	২৩.৯৩	২৩.৯৪	১০০%
24.	Remuneration/Honorarium for meeting etc	৯.৫৪	৯.৩৩	৯৭.৮০%
25.	Examination Fee	৩.০০	২.০৫	৬৮.৩৩%
26.	Computer Accessories	৯.০০	৬.৫৬	৭২.৮৯%
27.	Food Cost	১৪০.০০	১৪০.০০	১০০%
28.	Hiring Charge	১৫.০০	১৫.০০	১০০%
29.	Others	৯.০০	৭.০০	৭৭.৭৭%
	Consumable Stores (ব্যবহার্য দ্রব্যাদি)		২.১০	১০০%
	Other building & Structures (অন্যান্য ভবন ও স্থাপনা)		১.০০	১০০%
30.	Maintenance	৪.০০	৩.০০	৭৫.০০%
31.	Computer & office Equipment Maintenance	৪.৫০	৪.৫০	১০০%
	Sub Total =	**৮৪৩.০২**	৭৭৮.৬৮	৯২.৩৭%
34.	**Capital:**			
35.	Office Equipments	৭১.০০	৭১.০০	১০০%
36.	Furniture's	৮৯.৫০	৮৯.৫০	১০০%
37.	Electric Equipments	২১.০০	২১.০০	১০০%
38.	Acquisition/ Purchase of land (0.34 acre)	৮৪.৭৭	৮৪.৭৭	১০০%
39.	Construction of Works (652.17 sqm).	১১৫৮.১৩	১০৬৩.২৩	৯১.৮১%
	Sub Total =	**১৪২৪.৪০**	১৩২৯.৫০	৯৩.৩৪%
	Grand Total=	**২২৬৭.৪২**	২১০৮.১৮	৯২.৯৮%

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮. প্রকল্পের পটভূমি (পিসিআর অনুসারে): ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে পিছিয়ে পড়া দরিদ্র ও স্বল্প শিক্ষিত মহিলা জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের উদ্দেশ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার চালু করে। অত্র প্রতিষ্ঠানটি শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় মনোরম প্রাকৃতিক পরিবেশ ০.৩৪ একর জমির উপর প্রশিক্ষণ কেন্দ্রটি অবস্থিত। ৫০ জনের আবাসন সুবিধা ও ১০ জন অনাবাসিকসহ ৬ (ছয়) তলা ভিতের উপর ৬ষ্ঠ তলা ভবনের হোস্টেল কাম প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। ৬০ জন মহিলা প্রশিক্ষণার্থীদের আবাসন সুবিধাসহ প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রয়োজনীয় সকল সুযোগ সুবিধা বিদ্যমান। শুধুমাত্র মহিলাদের জন্য প্রতিষ্ঠিত এই প্রশিক্ষণ সেন্টারটির চারদিকে সুরক্ষিত প্রাচীর দিয়ে ঘেরা এবং প্রধান ফটকে সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা বিদ্যমান। এই প্রশিক্ষণ কেন্দ্র ৬টি ট্রেড যেমন- হর্টিকালচার নার্সারি, কৃষি যন্ত্রপাতি মেরামতকরণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ইলেকট্রনিক্স এসেম্বলিং টেকনিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ও ইন্ড্রাঃ সুইং মেশিন অপারেশন ট্রেডে প্রশিক্ষণ প্রদান ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল ধরনের সুযোগ-সুবিধা বিদ্যমান রয়েছে। প্রতি বছরে ৪টি ব্যাচ, প্রতি ব্যাচে ৬০ জন মোট ২৪০ জন মহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৯. মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

১০. প্রকল্পের উদ্দেশ্য (পিসিআর অনুসারে):

ক) দীর্ঘ মেয়াদী উদ্দেশ্য:

শেরপুর জেলায় নালিতাবাড়ী উপজেলা দেশের অনগ্রসর জেলা/ উপজেলাগুলোর মধ্যে অন্যতম। উক্ত প্রকল্পের মাধ্যমে উক্ত এলাকায় স্বল্প শিক্ষিত নারীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য আবাসন সুবিধাসহ কর্মউপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা বিশেষভাবে শেরপুর জেলার নৃতাত্বিক জনগোষ্টির অনগ্রসর নারীদের জীবনমান উন্নয়নের জন্য আয়বর্ধক কাজে সম্পৃক্তকরণের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।

খ) স্বল্প মেয়াদী উদ্দেশ্য:

(১) প্রথম ২য় বছরে হোস্টেল ভবন কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ সম্পন্ন করা এবং প্রতি বছর ৪টি ব্যাচ, ৫টি ট্রেডে প্রতি ব্যাচ ১০ জন করে মোট ৫০ জন করে বছরে ২০০ জন মহিলাদেরকে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ব্যবস্থা করা।

(২) ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরে ৪র্থ তলা হতে ৬ষ্ট তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং প্রতি বছরে ৪টি ব্যাচ, ৬টি ট্রেডে প্রতি ব্যাচে ১০ জন করে ৫০ জন আবাসিক ও ১০ জন অনাবাসিকসহ মোট ৬০ জন করে বছরে ২৪০ জন মহিলাদের কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা।

(৩) জানুয়ারি, ২০১৫ হতে জুন ২০১৯ প্রশিক্ষণ প্রদান (প্রতি বছর ২৪০ জন সামান্য শিক্ষিত, বিশেষভাবে অনগ্রসর উপজাতীয় নারীদের ৬টি ট্রেডে যথা: হর্টিকালচার নার্সারি, কৃষি কাজে ব্যবহৃত যন্ত্রপাতি মেরামত, খাদ্য প্রক্রিয়াকরণ, ইলেক্ট্রনিক্স এসেম্বলিং টেকনেশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ও ইন্ড্রা: সুইং মেশিন অপারেটর ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা।

(৪) প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে প্রান্তিক সুবিধা বঞ্চিত ও অনগ্রসর নারীদের দারিদ্র-বিমোচন, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক ঝুঁকি হ্রাসকরণের মাধ্যমে সমাজে প্রতিষ্ঠা লাভে সহায়তায় করা।

(৫) কর্মরত নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা করা।

১১. প্রকল্প অনুমোদন ও সংশোধন:

প্রকল্প অনুমোদন: ০৫/০৬/২০১২

সর্বশেষ সংশোধন: ২৪/০৭/২০১৭

১২. প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিস কর্তৃক সরবরাহকৃত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ণ, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

প্রকল্পে ২০০.০০ লক্ষ টাকা উর্ধ্বে কোন ক্রয় কার্য ও পণ্য ক্রয় করা হয়নি ও সেবাখাতে ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কোন ব্যয় সম্পাদিত না হওয়ায় পিসিআরে ছকে এ বিষয়ে কোন তথ্যাদি প্রদান করা হয়নি।

১৩. প্রকল্পের সার্বিক অগ্রগতি (পিসিআর অনুসারে):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	টিপিপি/আরটিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অবমুক্তি	প্রকৃত ব্যয়	অগ্রগতি (%)
২০১২-১৩	৩২৫.০০	৩২৫.০০	৩২৫.০০	৩২৫.০০	১০০%
২০১৩-১৪	৩২১.৭০	৩২২.০০	৩২২.০০	৩২১.৭০	৯৯.৯১%
২০১৪-১৫	৯৭.৪৮	১২০.০০	১২০.০০	৯৭.৪৮	৮১.২৩%
২০১৫-১৬	১৯০.৮৯	১৯১.০০	১৯১.০০	১৯০.৮৯	৯৯.৯৪%
২০১৬-১৭	১৩২.০০	১৩২.০০	১৩২.০০	১৩২.০০	১০০%
২০১৭-১৮	৪৩৮.৪৮	৪৪০.০০	৪৪০.০০	৪৩৮.৪৮	৯৯.৬৫%

অর্থ বছর	টিপিপি/আরটিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অবমুক্তি	প্রকৃত ব্যয়	অগ্রগতি (%)
২০১৮-১৯	৭৬১.৮৭	৬১৩.০০	৬১৩.০০	৬০২.৬৩	৯৮.৩১%
মোট:	**২২৬৭.৪২**	**২১৪৩.০০**	**২১৪৩.০০**	**২১০৮.১৮**	৯২.৯৮%

১৪. উপকারভোগীদের মতামত: কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন স্থাপিত হওয়ায় অত্র এলাকায় কর্মজীবী নারীরা প্রকল্প চলাকালীন সময়ে উপকৃত হলেও বর্তমানে হোস্টেল কাম ট্রেনিং সেন্টারটি বন্ধ থাকায় অত্র এলাকায় নারীরা এ প্রকল্পের আওতায় হোস্টেল কাম ট্রেনিং সেন্টারের সুযোগ-সুবিধা পাচ্ছেনা।

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পিসিআর অনুসারে):

ক্র:	প্রকল্প পরিচালকের নাম	পদবী	মেয়াদ	মন্তব্য
১	মোঃ আইনুল কবীর	অতিরিক্ত সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	২০/০৯/২০১২ হতে ৩০/০৬/২০১৯	অতিরিক্ত দায়িত্ব

১৬. প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য ও অর্জন (পিসিআর অনুসারে):

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
শেরপুর জেলায় নালিতাবাড়ী উপজেলা দেশের অনগ্রসর জেলা/ উপজেলাগুলোর মধ্যে অন্যতম। উক্ত প্রকল্পের মাধ্যমে উক্ত এলাকায় স্বল্প শিক্ষিত নারীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য আবাসন সুবিধাসহ কর্ম উপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা বিশেষভাবে শেরপুর জেলার নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর অনগ্রসর নারীদের জীবনমান উন্নয়নের জন্য আয়বর্ধক কাজে সম্পৃক্তকরণের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।	ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে পিছিয়ে পড়া দরিদ্র ও স্বল্প শিক্ষিত মহিলা জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের উদ্দেশ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার চালু করে। অত্র প্রতিষ্ঠানটি শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় মনোরম প্রাকৃতিক পরিবেশে ০.৩৪ একর জমির উপর প্রশিক্ষণ কেন্দ্রটি অবস্থিত। ৫০ জনের আবাসন সুবিধা ও ১০ জন অনাবাসিকসহ ৬(ছয়) তলা ভিতের উপর ৬ষ্ঠ তলা ভবনের হোস্টেল কাম প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। ৬০ জন মহিলা প্রশিক্ষণার্থীদের আবাসন সুবিধাসহ প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রয়োজনীয় সকল সুযোগ সুবিধা প্রকল্প চলাকালীন সময়ে বিদ্যমান ছিল। শুধুমাত্র মহিলাদের জন্য প্রতিষ্ঠিত এই প্রশিক্ষণ সেন্টারটির চারদিকে সুরক্ষিত প্রাচীর দিয়ে ঘেরা এবং প্রধান ফটকে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা বিদ্যমান। এই প্রশিক্ষণ কেন্দ্রের ৬টি ট্রেড যেমন- হর্টিকালচার নার্সারি, কৃষি যন্ত্রপাতি মেরামতকরণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ইলেক্ট্রনিক্স এসেম্বলিং টেকনিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ও ইন্ডা: সুইং মেশিন অপারেশন ট্রেড ও নতুন ২টি ট্রেড যথা: কম্পিউটার ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ প্রদান ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল ধনের সুযোগ সুবিধা প্রকল্প চলাকালীন সময়ে বিদ্যমান ছিল। কিন্তু বর্তমানে স্থায়ী জনবল না থাকায় প্রকল্পের আওতায় পরিচালিত সকল প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে এবং প্রকল্পের আওতায় নির্মিত ভবনটিও পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। ফলে প্রকল্পে চলাকালীন সময়ে উদ্দেশ্য সাময়িকভাবে সফল হলেও দীর্ঘ মেয়াদে ব্যর্থ পরিলক্ষিত হচ্ছে। প্রশিক্ষণ: ১। ১ম ব্যাচ হতে ১৮ তম ব্যাচ পর্যন্ত মোট ৯৫০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করে দক্ষ মানব সম্পদ হিসেবে তৈরি হয়েছে। ২। প্রতি বছরে ৪টি ব্যাচ, প্রতি ব্যাচে ৬০ জন করে মোট ২৪০ জন মোট ২৪০ জন সামান্য শিক্ষিত, অর্ধশিক্ষিত বিশেষভাবে অনগ্রসর উপ-জাতীয় নারীদের ৬টি ট্রেড যথা: হর্টিকালচার নার্সারি, কৃষি যন্ত্রপাতি মেরামতকরণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ইলেক্ট্রনিক্স এসেম্বলিং টেকনিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ও ইন্ডা: সুইং মেশিন অপারেশন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
	৩। ৬টি ট্রেডের মধ্যে ৫০ জন আবাসন সুবিধাসহ ও ১০ জন অনাবাসিক, মোট ৬০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত কারিকুলাম/সিলেবাস অনুযায়ী পরীক্ষা প্রদান করা হয়েছে। ৫। ইতো:পূর্বে ১৭তম ব্যাচ পর্যন্ত ৮৯০ জন প্রশিক্ষণ নেয়া প্রশিক্ষণার্থীদের মধ্যে হতে ২২৫ জন বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরি নিয়েছে এবং জাতীয় অর্থনীতিতে বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ সৃষ্টি হয়েছে। ৬। ৯৫০ জন স্বল্প-শিক্ষিত নারীর সামাজিক মর্যাদার ইতিবাচক পরিবর্তন ঘটেছে। ৭। ডিজিটাল বাংলাদেশ গড়ায় বর্তমান সরকারের প্রচেষ্টা সফল করা হয়েছে। ৮। নারী পুরুষের জেন্ডার বৈষম্য হ্রাস পেয়েছে। ৯। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অংশ গ্রহণ বৃদ্ধি পেয়েছে। ১০। অর্থ উপার্জনের ফলে প্রত্যক্ষভাবে নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি ও ক্ষমতায়ন হয়েছে। ১১। বাল্য বিবাহ, বহু বিবাহ ও যৌতুকসহ পারিবারিক ও সামাজিক নির্যাতন হ্রাস পেয়েছে। ১২। পর্যায়ক্রমে দেশের দারিদ্র বিমোচন হবে। ১৩। সরকারের জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়নে সহায়ক হয়েছে।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণঃ প্রকল্পের উদ্দেশ্য স্বল্প মেয়াদে অর্জিত হলেও দীর্ঘমেয়াদে ব্যর্থ হয়েছে। বর্তমানে নির্মিত মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টারটি বন্ধ হয়েছে। যার ফলে এখানকার স্থানীয় অনগ্রসর নারীরা নতুন করে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে তাদের নিজেদের কোন একটি সুনির্দিষ্ট কাজে দক্ষ করে তুলতে পারছেনা। আর এতে অনগ্রসর নারীদের জীবনযাত্রার মানের উন্নয়ন হচ্ছে না এবং কর্মজীবী নারীদের আবাসনের ব্যবস্থার নিশ্চিত করা যাচ্ছে না। প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরা বেকার জীবন যাপন করছেন।

১৮. অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (পিসিআর অনুসারে):

নিরীক্ষা কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
২০১২- ২০১৩ হতে ২০১৩-২০১৪ সিভিল অডিট সম্পন্ন হয়।	২০/১০/২০১৪	**আপত্তি সমূহ:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স ইউসুফ ট্রেডার্স এর অনুকূলে ২টি টোকেনের মাধ্যমে বিলের পরিশোধকালে আয়কর বাবদ ১৫,৬৮৮/- টাকা অনাদায়ী রয়েছে, ফলে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট ১৫,৬৮৮/- টাকা অনাদায়ী রয়েছে। **ব্রডশীট জবাব:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স ইউসুফ ট্রেডার্স ১৫,৬৮৮/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছেন। ট্রেজারী চালানের কপি প্রমাণক হিসাবে প্রেরণ করা হয়েছে (ট্রেজারী চালান নং-১৯২, তারিখ: ১২/০১/২০১৭, সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকা)	নিষ্পত্তি হয়েছে

নিরীক্ষা কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
২০১৪- ২০১৫ হতে ২০১৫-২০১৬ সিভিল অডিট সম্পন্ন হয়।	২২/০১/২০১৭	**১। আপত্তি সমূহ:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের ২০১৫-১৬ সনের হিসাব নিরীক্ষায় বিভিন্ন বিল ভাউচার যাচাইকালে দেখা যায় যে, অনিয়মিতভাবে মালামাল ক্রয় ৩,২৫,০০০/- টাকা। বিবরণ পরিশিষ্ট সংযুক্ত। জিএফআর ১ম খন্ড প্যারা-১৪৬ মোতাবেক উর্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরী এড়ানো লক্ষ্যে খন্ড খন্ড ভাউচারের মাধ্যমে মালামাল ক্রয় করা যাবে না, এ ক্ষেত্রে উহা অনুসরণ করা হয়নি। এ বিষয়ে জবাব প্রদানের জন্য অনুরোধ করা হলো। **ব্রডশীট জবাব:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের প্রকল্প পরিচালকের স্থানীয় অফিসের তাৎক্ষণিক জবাবের আলোকে আপত্তিটি নিষ্পত্তি করা হয়। **২। আপত্তি সমূহ:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের সরবরাহকারীর নিকট হতে বিধি মোতাবেক আয়কর কর্তন না করায় সরকারী রাজস্ব ক্ষতি ৩,৫০০/- টাকা। **ব্রডশীট জবাব:** ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন'' প্রকল্পের সরবরাহকারীর নিকট হতে আপত্তিকৃত আয়কর =৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ট্রেজারী চালানের কপি প্রমাণক হিসাবে প্রেরণ করা হয়েছে (ট্রেজারী চালান নং-৬৫, তারিখ: ০৪/১০/২০১৬, সোনালী ব্যাংক লিঃ, মগবাজার শাখা, ঢাকা)	নিষ্পত্তি হয়েছে
২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ মঞ্জুরী ও বরাদ্দ ভিত্তিক এনটিটি ওয়াইড Performance Audit সম্পন্ন হয়েছে।	২৪/১০/২০১৮	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	অডিট আপত্তি সন্তোষজনক
২০১৮-২০১৯	১৪/১১/২০২১	১) ''নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবি মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার'' প্রকল্পের খাদ্য সরবরাহকারীকে পরিশোধিত বিল হতে নির্ধারিত বিল হতে নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৩৫,৭৩৫/- টাকা। **ব্রডশীট জবাব:** আপত্তিকৃত আয়কর কর্তন = ৩৫,৭৩৫/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ট্রেজারী চালানের কপি প্রমাণক হিসাবে প্রেরণ করা হয়েছে (ট্রেজারী চালান নং-১২৬, তারিখ: ১৯/০৯/২০২১, সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকা)	আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।
		২) উন্মুক্ত দরপত্র পরিহার করার লক্ষ্যে অনিয়মিতবাবে রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন খাতে খন্ড খন্ড ভাউচারের মাধ্যমে নগদে অনিয়মিত	নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে

নিরীক্ষা কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
		ব্যয় =২৫,২০,৩৫০/- টাকা।	
		৩) ডিপিপি বহির্ভুত বিভিন্ন মালামাল ক্রয় করায় সরকারের অতিরিক্ত ব্যয় =২৭, ৭১,৫৫০/- টাকা।	নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে
		৪) অফিসিয়াল দাপ্তরিক প্রাক্কলন/বাজার যাচাই প্রতিবেদন ব্যতিত আসবাবপত্র ও অফিস ইক্যুপমেন্ট ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়=৫৫,৪৮,৪০০/- টাকা।	নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে
		৫) কোড বহির্ভুত ব্যয়= ৪,৯৭,০০০/- টাকা।	নিষ্পত্তির প্রক্রিয়াধীন

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যা: কোন উল্লেখযোগ্য বাস্তবায়ন সমস্যা ছিলনা।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পের মূল মেয়াদ ছিল জুলাই ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত। কিন্তু সংশোধিত ডিপিপিতে সময় বৃদ্ধি করে জুন ২০১৯ সালে প্রকল্প সমাপ্ত করা হয়।

২১. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: চুক্তি বাস্তবায়নে বিলম্ব হয়নি।

২২. প্রকল্পের অনমোদন প্রক্রিয়া: মূল প্রকল্পটি ৮৬৪.৫৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুলাই ২০১২ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৫.০৬.২০১২ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ২য় সংশোধনী ও সর্বশেষ আন্ত:খাত সমন্বয় (ব্যয় বৃদ্ধি ব্যতিত) ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রাক্কলন নির্ধারণ করা হয় ২২৬৭.৪২ লক্ষ টাকা ও মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই ২০১২ থেকে জুন ২০১৯ পর্যন্ত। ২য় সংশোধনী ও সর্বশেষ আন্ত:খাত সমন্বয় (ব্যয় বৃদ্ধি ব্যতিত) করার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ১৪০২.৮৩ লক্ষ টাকা এবং মেয়াদ বৃদ্ধি পায় ২ বছর (৪০%)।

২৩. প্রকল্প এলাকা পরিদর্শন:

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক মোঃ গোলাম সারওয়ার গত ২১/১২/২০২১ তারিখে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাস্থ এ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্পের সংশ্লিষ্ট সহকারী হোস্টেল সুপার, মেট্রন, হিসাব সহকারী, ট্রেড প্রশিক্ষক (৪জন), হিসাব রক্ষক (অতিরিক্ত দায়িত্ব) সহ প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব নালিতাবাড়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, PWD ইঞ্জিনিয়ারসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

২৪. প্রকল্প পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

২৪.১ **প্রকল্পের বাস্তবায়ন অবস্থা:** প্রকল্পের মেয়াদ জুন ২০১৯ এ শেষ হওয়ার পর পিডব্লিউডি (PWD) ভবনটি মহিলা বিষয়ক অধিদপ্তর এর নিকট হস্তান্তর করে। প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় প্রকল্পের আওতায় চলমান সকল প্রশিক্ষণ কার্যক্রম ও হোস্টেল বন্ধ হয়ে যায়। সরেজমিন পরিদর্শনের সময় হোস্টেলটি সম্পূর্ণ বন্ধ অবস্থায় দেখতে পাওয়া যায়। আইএমইডি'র প্রতিনিধি পরিদর্শনের জন্য যেখানে পৌঁছানোর পর তালা খোলার পর ভবনে প্রবেশ করতে হয়। রাজস্বখাতে কোন জনবল না থাকায় বর্তমানে ভবনটি রক্ষণাবেক্ষণ হচ্ছে না। সঠিক পরিচর্যার অভাবে ভবনের প্রতিটি রুমে ধুলাবালি ও ময়লা জমে আছে। কোন কোন রুমের জানালা খোলা থাকায় কবুতরসহ অন্যান্য পাখি বাসা বেধেছে রুমের ভিতরে। এছাড়াও কক্ষগুলোতে থাকা আসবাবপত্র ধূলা-বালি জমে নষ্ট হয়ে যাচ্ছে। ভবনের ৩য় তলার ব্যালকনির গ্লাসটি সম্পূর্ণ ভেঙ্গে আছে। ভবনের প্রতিটি ফ্লোরে রুমের চেয়ে ব্যালকনি উঁচু হওয়াতে রুমের ভেতরের অংশের ওয়ালে ড্যাম দেখা যাচ্ছে। এছাড়াও ভবনের বাথরুমসহ বিভিন্ন কক্ষে এ ড্যাম পরিলক্ষিত হয়। ভবনের ভেতরের অংশ ছাড়াও বাহিরের অংশেও ড্যাম দেখা গিয়েছে। পরিদর্শনকালে উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা জানান যে, নির্মাণগত কিছু ত্রুটির কারণে এ ড্যামগুলো দেখা দিয়েছে। নির্মাণ সংক্রান্ত এ ত্রুটিগুলো দ্রুত মেরামতের বিষয়ে ব্যবস্থা নেয়া হবে। প্রকল্পটি সমাপ্ত হওয়ার আগেই এর কার্যক্রম সচল রাখার জন্য প্রকল্পের সকল কার্যক্রম রাজস্বখাতে নেয়ার উদ্যোগ নেয়ার থাকলেও এখন পর্যন্ত এ ধরণের কোন উদ্যোগ নেয়া হয়নি। ফলে এর কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ হয়ে আছে। ফলে একদিকে

যেমন দীর্ঘদিন বন্ধ থাকার কারণে ভবনটি ক্ষতিগ্রস্ত হচ্ছে তেমনি প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকায় প্রকল্পের উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যর্থ হচ্ছে।

২৪.২ **ব্যয় সংক্রান্ত:** প্রকল্পটির মূল অনুমোদিত ব্যয় ধরা হয়েছিল ৮৬৪.৫৯ লক্ষ টাকা। ডিপিপি'র ১ম সংশোধনে মেয়াদ বৃদ্ধির ব্যতিরেকে প্রাক্কলিত ব্যয় ৮৬৪.৫৯ লক্ষ টাকার পরিবর্তে বৃদ্ধির করা হয় ১০৯৩.৩৪ লক্ষ টাকা। ২য় সংশোধনে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির করে জুলাই ২০১২ হতে জুন ২০১৭ এর পরিবর্তে জুলাই ২০১২ হতে জুন ২০১৯ পর্যন্ত করা হয় এবং প্রাক্কলিত ব্যয় ১০৯৩.৩৪ লক্ষ টাকার পরিবর্তে করা হয় ২২৬৭.৪২ লক্ষ টাকা। অর্থাৎ মূল ব্যয়ের তুলনায় ১৬২% ব্যয় বৃদ্ধি পায় এবং মূল মেয়াদের তুলনায় মেয়াদ বৃদ্ধি পায় ৪০%। প্রকল্পে সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ধরা ছিল ২২৬৭.৪২ লক্ষ টাকা। অর্থ ছাড় হয়েছে ২১০৮.১৮ লক্ষ টাকা। প্রকৃত ব্যয় হয়েছে ২১০৮.১৮ লক্ষ টাকা। অবশিষ্ট টাকা ৩৪ লক্ষ টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া হয়েছে ।

২৪.৩ **টিওএন্ডই ভুক্তকরণ:** প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল প্রকল্প মেয়াদ শেষ হওয়ার পর টিওএন্ডই ভুক্তকরণের কথা থাকলেও এখনও পর্যন্ত টিওএন্ডইভুক্ত করা হয়নি।

২৪.৪ **অগ্নি নির্বাপক ব্যবস্থা:** সরেজমিন পরিদর্শনে দেখা যায় ভবনের প্রতিটি ফ্লোরে অগ্নি নির্বাপক ব্যবস্থা রয়েছে।

২৪.৫ **ভবন ব্যবহার না করায় ক্ষতি:** ভবনটি PWD কর্তৃক হস্থান্তরের পর থেকে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। দীর্ঘদিন যাবত ব্যবহার না হওয়াতে কক্ষে থাকা প্রশিক্ষণ উপকরণ ও ট্রেনিং বাবদ ক্রয়কৃত যন্ত্রপাতিগুলো ধীরে ধীরে নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়াও বিভিন্ন ফ্লোরে থাকা প্রশিক্ষকদের আসবাবপত্র এবং ফার্নিচার নষ্ট হয়ে যাচ্ছে।

২৪.৬ অডিট আপত্তি: প্রকল্পের আওতায় সম্পাদিত অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থ বছরে সম্পাদিত অডিট প্রতিবেদন ২০/১০/২০১৪ তারিখে কোন আপত্তি ছাড়াই নিষ্পত্তি হয়েছে। ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থ বছরের অডিট কোন আপত্তি ছাড়াই নিষ্পত্তি হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে মোট ৫টি অডিট আপত্তি হয়েছে। তারমধ্যে ১টি অডিট আপত্তিকৃত অর্থ সরকারী কোষাগারে দেয়া জমা হয়েছে। বাকী ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এ সকল অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৪.৭ সুবিধাভোগীর মতামত: প্রকল্পের আওতায় ইলেক্ট্রনিক্স এসেম্বলিং টেকনিশিয়ান, ইলেকট্রিকশিয়ান, কৃষি কাজে ব্যবহৃত কৃষি যন্ত্রপাতি মেরামতকরণ, খাদ্য প্রক্রিয়াকরণ, হর্টিকালচার নার্সারি, সুইং মেশিন অপারেশন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। এখান থেকে প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে কয়েক জনের সাথে কথা হয়। এখান থেকে প্রশিক্ষণ নিয়ে অনেকেই বাস্তব জীবনে স্বাবলম্বী হয়েছেন।

২৫. প্রকল্পের জনবল নিয়োগ: প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্বে ছিলেন। এছাড়াও ০১ (এক) জন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ০১ (এক) জন অফিস সহায়ক অতিরিক্তি দায়িত্বে ছিলেন। প্রকল্পের আওতায় সরাসরি নিয়োগপ্রাপ্ত ১ জন সহকারী হোস্টেল সুপার, ট্রেড প্রশিক্ষক, ১ জন মেট্রন, ১ জন হিসাব সহকারী, ১ জন বাবুর্চী, ১ জন সহকারী বাবুর্চি, ৩ জন পরিচ্ছনতা কর্মী, ১ জন অফিস সহায়ক, ১ জন লিফটম্যান কাম ইলেকট্রিশিয়ান, ৩ জন নিরাপত্তা প্রহরী কর্মরত ছিলেন।

২৬. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:



চিত্র: প্রকল্পের আওতায় নির্মিত ভবন।



চিত্র: অফিস কক্ষে সভা।



চিত্র: হোস্টেল রুমে কবুতর ও অন্যান্য পাখির ময়লা



চিত্র: ২য় তলার ব্যালকনিতে ভাঙ্গা থাই গ্লাস।



চিত্র: রক্ষণাবেক্ষণের অভাবে বারান্দায় আগাছা বৃদ্ধি পাচ্ছে।



চিত্র: অগ্নি নির্বাপক যন্ত্র।



চিত্র: হর্টিকালচার প্রশিক্ষণ রুম।



চিত্র: বিনোদন কক্ষ।



চিত্র: ভবনের বাহিরর অংশের ড্যাম।



চিত্র: ব্যালকনি থেকে কক্ষ নিচু হওয়ায় কক্ষে শ্যাওলা জমছে



চিত্র: ইলেক্ট্রনিক্স এসেম্বলিং প্রশিক্ষণ কক্ষ।



চিত্র: কম্পিউটার প্রশিক্ষণ কক্ষ।

২৭. বাস্তবায়নে সমস্যা/ RDPP/ সময় বৃদ্ধি করে বাস্তবায়নের কারণ: প্রকল্পটি মোট দু'বার সংশোধন করা হয়। ১ম সংশোধনে প্রশিক্ষণার্থীদের খাবার, প্রশিক্ষণ ব্যয়, আসবাবপত্রসহ কারিগরি শিক্ষা বোর্ডের অপ্রতুল ব্যয় মিটানো এবং ব্লকবাটিক ও টেইলারিং ট্রেডের পরিবর্তে (১) ইলেক্ট্রনিক্স এসেম্বলিং এন্ড টেকনিশিয়ান ও (২) ইলেক্ট্রিশিয়ান যুক্ত করা হয়। ২য় সংশোধনে কারণ হিসেবে উল্লেখ করা হয়, রাজনৈতিক অস্থিরতা এবং নির্মাণ কাজে কিছু Component যুক্ত করা।

২৮. সুপারিশ/ মতামত:

২৮.১ প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার ২ বছর ৬ মাস অতিক্রান্ত হলেও প্রকল্পের কার্যক্রম রাজস্বখাতে নেয়া হয়নি। রাজস্ব খাতে নেওয়ার বিষয়টি যত্নসহকারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিবে;

২৮.২ মূল অনুমোদিত ডিপিপির তুলনায় প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে ১৬২% ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৪০%। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রাক্কলিত ব্যয় ও মেয়াদকাল বৃদ্ধি না পায় সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাকে যত্নবান হতে হবে;

২৮.৩ PWD 'র সাথে নিবিড় যোগাযোগ রেখে যেসকল ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলো মেরামত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৮.৪ প্রকল্পে নিযুক্ত প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্বে ছিলেন। পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে কমিটির মাধ্যমে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে উক্ত পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণ বাঞ্ছনীয় হবে।

২৮.৫ প্রকল্পের আওতায় সংগ্রহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ড শেষ হবার পর এগুলোকে সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে এবং রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে; এবং

২৮.৬ পর্যালোচনা করে দেখা যায় যে, মোট ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এ সকল অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৮.৭ উপর্যুক্ত সুপারিশ অনুসারে গৃহীত ব্যবস্থার তথ্যাদি সম্পর্কে আগামী ১২/১২/২০২২ ইং মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।